রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৭, ২০২৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।
বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য নির্বাচনের বিজ্ঞপ্তি

তারিখঃ ০৪ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ
২১ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ

নং-বা,বা,কা/তথ্য/২০২৬/সচিব-১৫ এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লিগ্যাল প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২ (১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং-৪৬)-এর অনুচ্ছেদ ৮ এর বিধান অনুযায়ী বাংলাদেশ বার কাউন্সিলের ১৪ জন সদস্য নির্বাচনের জন্য ২০২৬ সালের ১৯ মে, মঙ্গলবার সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বিকাল ৫ঃ০০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত ভোট কেন্দ্রসমূহে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে।

(১) বাংলাদেশ সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি ভবন, শাহবাগ, ঢাকায় একটি ভোট কেন্দ্র থাকবে।

(২) দেশের সকল জেলা সদরের দেওয়ানী আদালত প্রাঙ্গনে একটি করে ভোট কেন্দ্র থাকবে।

(৩) বাজিতপুর, ইশ্বরগঞ্জ, দুর্গাপুর, ভাংগা, চিকন্দি, পটিয়া, সাতকানিয়া, বাঁশখালী, ফটিকছড়ি, সন্দ্বীপ, হাতিয়া, নবীনগর ও পাইকগাছা দেওয়ানী আদালত সমূহের প্রাঙ্গনে একটি করে ভোট কেন্দ্র থাকবে।

সর্বমোট ১৪ জন সদস্য নির্বাচিত হবেন। বার কাউন্সিলের সনদ প্রাপ্ত অ্যাডভোকেটগণ তাদের মধ্য হতে জেনারেল সীটে ৭ (সাত) জন সদস্য নির্বাচিত হবেন এবং ৭ (সাত)টি গ্রুপ সীটের প্রত্যেকটির আওতাধীন লোকাল আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেটগণের মধ্য হতে একজন করে ৭ (সাত) জন সদস্য নির্বাচিত হবেন।



মূল্য : টাকা ৮.০০

গ্রুপ সীটের বর্ণনা নিম্নে দেওয়া হলো ঃ

| গ্রুপের নাম | প্রত্যেক গ্রুপের অন্তর্গত লোকাল আইনজীবী সমিতির নাম |
|---|---|
| (এ) | বৃহত্তর (পূর্ববর্তী) ঢাকা জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (বি) | বৃহত্তর (পূর্ববর্তী) ময়মনসিংহ, টাংগাইল ও ফরিদপুর জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (সি) | বৃহত্তর (পূর্ববর্তী) চট্টগ্রাম এবং নোয়াখালী জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (ডি) | বৃহত্তর (পূর্ববর্তী) কুমিল্লা ও সিলেট জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (ই) | বৃহত্তর (পূর্ববর্তী) খুলনা, বরিশাল ও পটুয়াখালী জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (এফ) | বৃহত্তর (পূর্ববর্তী) রাজশাহী, যশোর ও কুষ্টিয়া জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (জি) | বৃহত্তর (পূর্ববর্তী) দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |

[দ্রষ্টব্যঃ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি ব্যতীত অন্যান্য সকল আইনজীবী সমিতিকে লোকাল আইনজীবী সমিতি বলা হয়।]

বার কাউন্সিলের সদস্য হিসাবে নির্বাচনের জন্য নির্ধারিত নমিনেশন ফরমে বার কাউন্সিলের সচিব মহোদয় বরাবর লিখিত ৩ (তিন) জন ভোটার দ্বারা স্বাক্ষরিত প্রস্তাব নমিনেশন ফি বাবদ "বাংলাদেশ বার কাউন্সিল" এর নামে ১০০০/-(এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহকারে নমিনেশন ফরম বার কাউন্সিলের সচিব মহোদয় বরাবর নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে। নির্ধারিত নমিনেশন ফরমের নমুনা প্রত্যেক আইনজীবী সমিতি অথবা বার কাউন্সিল কার্যালয়ে পাওয়া যাবে। একটি নমিনেশন ফরমে কেবলমাত্র একজন প্রার্থীর নাম প্রস্তাব করা যাবে। একটি নমিনেশন ফরমে একাধিক প্রার্থীর নাম প্রস্তাব করলে কিংবা ভুল তথ্য পরিবেশন করলে প্রস্তাবটি বাতিল বলে গণ্য হবে। কোন ভোটার নমিনেশন ফরমে জেনারেল সীটের জন্য ৭ (সাত) টির বেশী প্রস্তাব স্বাক্ষর করতে পারবেন না এবং গ্রুপ সীটের এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির কোন ভোটার উল্লিখিত জেনারেল সীটের জন্য ৭ (সাত) টি এবং সংশ্লিষ্ট গ্রুপ সীটের জন্য একটির বেশী প্রস্তাব নমিনেশন ফরমে স্বাক্ষর করতে পারবেন না। নমিনেশন ফরমে উপরোক্ত সংখ্যার বেশী প্রস্তাব দাখিল করলে দাখিলকৃত প্রস্তাবগুলি ক্রমানুযায়ী অতিরিক্ত প্রস্তাবগুলি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, বাংলাদেশ লিগ্যাল প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২-এর অনুচ্ছেদ ৫এ(২) অনুযায়ী কোন অ্যাডভোকেট আসন্ন নির্বাচনের অব্যবহিত পূর্বে পর পর দুইবার বার কাউন্সিলের সদস্য নির্বাচিত হয়ে থাকলে তিনি আসন্ন নির্বাচনে নির্বাচিত হবার যোগ্য নন।

যারা বার কাউন্সিলের সনদপ্রাপ্ত এবং বার কাউন্সিল অনুমোদিত কোন আইনজীবী সমিতির সদস্য তারা ভোটার বলে গণ্য হবেন। বার কাউন্সিল আইনে বিধি নং ৭৩এ অনুযায়ী যে সকল অ্যাডভোকেটকে সনদ প্রদান করা হয়েছে তারাও ভোটার বলে গণ্য হবেন। সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি এবং খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি জেলা আইনজীবী সমিতির প্রত্যেক ভোটার জেনারেল সীটের জন্য ৭(সাত)টি ভোট প্রদান করিতে পারিবেন এবং গ্রুপ সীটের জন্য এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির প্রত্যেক ভোটার জেনারেল সীটের জন্য ৭(সাত) টি ভোট ও সংশ্লিষ্ট গ্রুপ সীটের জন্য একটি মাত্র ভোট প্রদান করতে পারবেন।

কোন ভোটার কোন ভোট কেন্দ্রে ভোট প্রদান করবেন তা প্রদর্শন করে ০৯-০৪-২০২৬ইং তারিখের মধ্যে ভোটার তালিকা প্রকাশ করা হবে এবং এই ভোটার তালিকা অনুযায়ী ভোটারগণ নির্দিষ্ট কেন্দ্রে ভোট প্রদান করবেন। ভোট কেন্দ্রে ভোট প্রদানের দিন স্ব স্ব ভোটারকে ভোট প্রদান কালে তাঁর **(NID Card/Passport/Bar Association Membership ID Card)** প্রদর্শন করতে হবে। পোলিং এজেন্ট হিসাবে নিয়োগ প্রাপ্তগণ স্ব স্ব ভোট কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন। গ্রুপ সীটের প্রার্থীর পোলিং এজেন্টকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রুপের মধ্যে অবস্থিত কোন একটি লোকাল আইনজীবী সমিতির ভোটার হতে হবে। নির্বাচনে প্রার্থীগণ স্ব স্ব এলাকাধীন যে কোন ভোট কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন।

বাংলাদেশ লিগ্যাল প্রাক্টিশনার্স এন্ড বার কাউন্সিল রুলস্, ১৯৭২ এর বিধি-৩ অনুযায়ী

নির্বাচনের তফসিল

| | | | |
|---|---|---|---|
| (ক) | যে তারিখের মধ্যে মনোনয়ন পত্র বার কাউন্সিল অফিসে দাখিল করতে হবে। | ঃ | বৃহস্পতিবার ০৯ এপ্রিল, ২০২৬ সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বৃহস্পতিবার ১৬ এপ্রিল, ২০২৬ অপরাহ্ণ ৪ঃ০০ ঘটিকা পর্যন্ত |
| (খ) | মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখ | ঃ | বৃহস্পতিবার ২৩ এপ্রিল, ২০২৬ অপরাহ্ণ ৪ঃ ০০ ঘটিকা পর্যন্ত |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | বৃহস্পতিবার ৩০ এপ্রিল, ২০২৬ অপরাহ্ণ ৪ঃ০০ ঘটিকা পর্যন্ত |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | ঃ | মঙ্গলবার ১৯ মে, ২০২৬ সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বিকাল ৫ঃ০০ ঘটিকা পর্যন্ত |
| (ঙ) | যে তারিখের মধ্যে নির্বাচনের বিরুদ্ধে আপত্তি দাখিল করা যাবে। | ঃ | বাংলাদেশ গেজেটে নির্বাচনের ফলাফল প্রকাশিত হওয়ার ১ (এক) মাসের মধ্যে |
| (চ) | যে তারিখে বাংলাদেশ বার কাউন্সিল অফিসের নির্বাচন ট্রাইব্যুনাল কর্তৃক প্রথম বারের মত আপত্তি গৃহীত হবে। | ঃ | মঙ্গলবার ০৭ জুলাই, ২০২৬ অপরাহ্ণ ৪ঃ০০ ঘটিকা |

নির্বাচন বিধি নং-২২ অনুযায়ী নির্বাচন সংক্রান্ত আপত্তি দরখাস্ত শুনানীর জন্য নিম্নর্ণিত বিচারপতি ও অ্যাডভোকেটগণের সমন্বয়ে ট্রাইব্যুনাল গঠন করা হলো ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় বিচারপতি জনাব এ এফ এম আব্দুর রহমান (অবসরপ্রাপ্ত) | ঃ | চেয়ারম্যান |
| (২) | অ্যাডভোকেট জনাব মোঃ ইকবাল হোসেন | ঃ | মেম্বার |
| (৩) | অ্যাডভোকেট জনাব গাজী তৌহিদুল ইসলাম | ঃ | মেম্বার |

ভোটার তালিকা প্রতি সেট ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা মূল্য প্রদানে বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা-১০০০ হতে ক্রয় করা যাবে।

ব্যারিস্টার মোঃ রুহুল কুদ্দুস (কাজল)
চেয়ারম্যান
বাংলাদেশ বার কাউন্সিল
ও
এটর্ণী জেনারেল, বাংলাদেশ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd